

আপীল নং-৭৭/২০২১

তারিখঃ ০৪/০৪/২০২১

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
১৭/০৬/২০২১	<p>অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারী জানান যে, এজেসীটির নবায়ন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ২৪/০১/২০২১ পর্যন্ত। এজেসীটি নবায়ন আবেদন দাখিল করেছে ০৯/০১/২০২১ তারিখ। তাঁদের ট্রাভেল এজেসীর নবায়ন আবেদনে ১০ লক্ষ টাকার উল্লেখসহ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট না থাকায় কারণে ০১/০৩/২০২১ তারিখে নবায়ন আবেদনটি বাতিল হয়ে যায়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ০৪/০৪/২০২১ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিল আদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। শুনানীর সময় এজেসীর মালিক জানান যে, অসাবধানতার কারণে নবায়ন আবেদন দাখিল করতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন বিলম্ব হয়। এছাড়া আপীলকারী ১০ লক্ষ টাকা উল্লেখসহ ব্যাংক সলভেন্সি সনদ সংগ্রহ করতে বিলম্ব হয়। বর্তমানে ১০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সি সনদসহ হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র, অফিস ভাড়ার চুক্তিনামা ও ০৩ (তিন) বছরের বিক্রয় বিবরণীসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন/দাখিল করেন। নবায়নের আবেদনের ক্ষেত্রে ভবিষ্যতে যথাসময়ে আবেদন দাখিল করবেন বলেও শুনানীতে এজেসীর মালিক মৌখিকভাবে অংগীকার করেছেন।</p> <p>আপীলকারীর বক্তব্য ও নথিতে রক্ষিত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আল খিদমাহ ওভারসীজ ট্রাভেল এজেসীটির অন লাইন আবেদনে ব্যাংক সলভেন্সি সনদে ১০ লক্ষ টাকা উল্লেখ না থাকায় এজেসীটি বাতিল করা হয়। বর্তমানে আপীলকারীর এজেসীর অনুকূলে ১০ লক্ষ টাকা উল্লেখিত ব্যাংক সলভেন্সি সনদসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি রয়েছে। তাই আপীলকারীর কাগজপত্রাদি বর্তমানে সঠিক থাকায় আপীল আবেদনটি মঞ্জুর করা হলো। অত্রাফিসের ০১/০৩/২০২১ তারিখের নিবন্ধন সনদ নবায়ন আবেদন বাতিল আদেশ রহিত করা হলো। “ বাংলাদেশ ট্রাভেল এজেসি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০২১” মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধন কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত-১৭/০৬/২০২১ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রশা: পর্যট ও নিয়ন্ত্রক) এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.০৭৭.২০২১- ২৩৩ তারিখঃ ১৭/০৬/২০২১ইং</p> <p>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <ol style="list-style-type: none"> ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা। ৩) কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। ৪) যুগ্ম-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৫) জেলা প্রশাসক, ঢাকা। ৬) উপসচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাএ), সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০। ৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা। ১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ----- ১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)। ১২) জনাব আব্দুর রাজ্জাক, স্বত্বাধিকারী, আল খিদমাহ ওভারসীজ, ৩/৪/এ পুরানা পল্টন সাক্কির টাওয়ার, ঢাকা। <p>(মিজানুর রহমান) অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়</p>	